

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৯, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রাক-প্রকাশনা

তারিখ, ২৫ অগ্রহায়ণ, ১৪১৪ বঙ্গাব্দ/৯ ডিসেম্বর, ২০০৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৮৭ আইন/২০০৭।—যেহেতু পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ৪৮ এর সহিত পঠিতব্য, সরকার পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (পয়ঃ সংযোগ ও পয়ঃ অভিকর) বিধিমালা, ২০০৭ জারীর সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ধারা ২৩ এর বিধান মোতাবেক প্রত্যেক পানি অভিকর, পয়ঃ অভিকর এবং বৃষ্টি-পানি নিষ্কাশন অভিকর কার্যকর হওয়ার তারিখের অন্যান্য ত্রিশ দিন পূর্বে নির্ধারিত পদ্ধতিতে জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করিবার বিধান রহিয়াছে;

সেহেতু সরকার প্রস্তাবিত পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (পয়ঃ সংযোগ ও পয়ঃ অভিকর) বিধিমালার মাধ্যমে কতিপয় ক্ষেত্রে ফিস, পয়ঃ অভিকর ইত্যাদি কার্যকর করিবার প্রস্তাব করিতেছে। প্রস্তাবিত বিধিমালার মাধ্যমে আরোপিত অভিকর বিষয়ে প্রস্তাবিত বা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এমন সকল ব্যক্তিদের অবগতির জন্য উক্ত আইন এর ধারা ২৩ এর বিধান মোতাবেক আরোপিত অভিকর প্রাক-প্রকাশ করিয়া এতদ্বারা নোটিশ প্রদান করা হইল যে, খসড়া বিধিমালাটি গেজেটে প্রকাশিত হইবার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিন অতিবাহিত হইবার পর উহা চূড়ান্তভাবে জারী করিবার জন্য বিবেচনা করা হইবে।

( ৮৭৫৭ )

মূল্য : টাকা ১০.০০

তবে উক্ত খসড়া প্রস্তাবিত বিধিমালার মাধ্যমে আরোপিত অভিকর সম্পর্কে উপরি-উক্ত সময়ের মধ্যে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে সরকার তাহা বিবেচনা করিবে।

**প্রস্তাবিত পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (পয়ঃ সংযোগ ও পয়ঃ অভিকর) বিধিমালা, ২০০৭**

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই বিধিমালা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (পয়ঃ সংযোগ ও পয়ঃ অভিকর) বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ এবং পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন) এর ধারা ২(খ) ও ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত সকল পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) 'আইন' অর্থ পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন);
- (খ) 'কর্তৃপক্ষ' অর্থ সংশ্লিষ্ট অধিক্ষেত্রের জন্য আইনের অধীন গঠিত পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ;
- (গ) 'তফসিল' অর্থ এই বিধিমালার তফসিল;
- (ঘ) 'ধারা' অর্থ আইনের কোন ধারা;
- (ঙ) 'নির্ধারিত হার' অর্থ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পয়ঃ অভিকর ও অন্যান্য চার্জ;
- (চ) 'প্রধান প্রকৌশলী' অর্থ কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলী;
- (ছ) 'পয়ঃ সংযোগ' অর্থ পয়ঃ নিষ্কাশনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পয়ঃ সংযোগ;
- (জ) 'ফরম' অর্থ তফসিলের কোন ফরম;
- (ঝ) 'হোল্ডিং' অর্থ বিধি ৩ এর অধীন শ্রেণী বিন্যাসিত কোন হোল্ডিং;
- (ঞ) 'হোল্ডিং এর মালিক' অর্থ কোন হোল্ডিং মালিক এবং মালিক ব্যতীত মালিকের আইনসম্মত কর্তৃত্ব সম্পন্ন ব্যক্তি অথবা সংশ্লিষ্ট হোল্ডিংএ আইনসম্মতভাবে বসবাসকারী কোন ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবেন।

৩। হোল্ডিংয়ের শ্রেণী বিন্যাস।—কর্তৃপক্ষ ব্যবহারের ধরণ বিবেচনা করিয়া উহার অধিক্ষেত্রের হোল্ডিংসমূহ নিম্নোক্তভাবে শ্রেণী বিন্যাস করিতে পারিবে, যথাঃ—

- (ক) আবাসিকঃ- সম্পূর্ণ বা আংশিকভাবে বাসস্থান বা সামাজিক প্রতিষ্ঠান বা ধর্মীয় প্রতিষ্ঠান অথবা সরকারী দপ্তর হিসাবে ব্যবহৃত কোন ভবন বা অবকাঠামোর উক্তরূপে ব্যবহৃত অংশ আবাসিক বা সামাজিক শ্রেণীর বলিয়া গণ্য হইবে।
- (খ) বাণিজ্যিকঃ- সম্পূর্ণ বা আংশিকভাবে কোন বাণিজ্যিক পণ্য বা সেবার ক্রয়-বিক্রয়, বিপণন বা মুনাফা অর্জিত হয় এইরূপ যে কোন বা সকল উদ্দেশ্যে ব্যবহৃত কোন ভবন বা অবকাঠামোর উক্তরূপ ব্যবহার বাণিজ্যিক শ্রেণীর বলিয়া গণ্য হইবে।
- (গ) শিল্প প্রতিষ্ঠানঃ- সম্পূর্ণ বা আংশিকভাবে কোন উৎপাদন, মূল্য সংযোজন প্রক্রিয়াকরণের কারখানা শিল্প প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে।



৪। পয়ঃ সংযোগ গ্রহণের আবেদন।—(১) পয়ঃ সংযোগ গ্রহণের জন্য বিধি ১৬ এর অধীন বস্তিতে পয়ঃ সংযোগ ব্যতীত অন্য ক্ষেত্রে কোন হোল্ডিং এর মালিক ক্ষেত্রমত, তফসিলের ফরম ১ অথবা ফরম ২ এ আবেদন করিবেন :

তবে শর্ত থাকে যে, হোল্ডিং সত্ত্বাধীকারী ব্যতীত অন্য কোন ব্যক্তি আবেদন করিলে তাহাকে হোল্ডিং এর সত্ত্বাধীকারীর নিকট হইতে আইনসম্মত ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত সংযোজন করিতে হইবে।

(২) আবেদনপত্রের সহিত হোল্ডিং এর মালিকানার প্রমাণসহ ইমারত নকশা, সাইট প্ল্যান ও পয়ঃ প্রণালী পরিকল্পনা দাখিল করিতে হইবে।

(৩) পয়ঃ সংযোগ প্রদানের পূর্বে উপ-বিধি (২) এ বর্ণিত সাইট প্ল্যান ও পয়ঃ প্রণালী পরিকল্পনা প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদিত হইতে হইবে :

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে কোন পয়ঃ প্রণালী স্থাপিত হইয়া থাকিলে সেক্ষেত্রে প্রধান প্রকৌশলীর পূর্বানুমোদন প্রয়োজন হইবে না, কিন্তু পরিদর্শন কর্মকর্তা কর্তৃক বিদ্যমান পয়ঃ প্রণালীর কোনরূপ পরিবর্তন প্রয়োজন মনে করিলে এবং তাহা প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদিত হইলে, সংশ্লিষ্ট হোল্ডিং এর মালিক তদ্রূপ পরিবর্তন করিবেন।

(৪) প্রধান প্রকৌশলী প্রয়োজন মনে করিলে, আবেদনপত্রের সহিত দাখিলকৃত যে কোন বা সকল দলিল উহা প্রদানকারী কর্তৃপক্ষের নিকট হইতে যাচাই করিয়া লইতে পারিবেন।

(৫) এই বিধিমালা ও আবেদনপত্রের ফরম প্রধান প্রকৌশলী এবং কর্তৃপক্ষের মডুস জোনসমূহ হইতে নির্ধারিত মূল্যে সংগ্রহ করা যাইবে।

(৬) জনস্বার্থ বিবেচনা করিয়া ব্যবস্থাপনা পরিচালক কর্তৃপক্ষের আওতাধীন মডুস জোনসমূহ বা অন্য কোন স্থানে আবেদনপত্র গ্রহণের ব্যবস্থা করিতে পারিবেন।

৫। অনুমতিপূর্ব পরিদর্শন ও সংযোগ অনুমোদন।—(১) বিধি ৪ এর অধীন কোন আবেদন প্রাপ্তির পর প্রধান প্রকৌশলী কর্তৃপক্ষের কোন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দ্বারা প্রার্থিত সংযোগের অবস্থান, নিষ্কাশন মূল লাইনের আকারসহ স্থানীয় পয়ঃ নিষ্কাশন স্থাপনা ইত্যাদি পরিদর্শন ও নিরীক্ষার মাধ্যমে পয়ঃ সংযোগ প্রদানের অনুমতি প্রদানযোগ্য সংযোগ পাইপের ব্যাস নির্ধারণ করিবেন এবং নির্ধারিত সংযোগ ফী, নিরাপত্তা জামানত ও অন্যান্য চার্জ, যদি থাকে, প্রদান সাপেক্ষে সংযোগ অনুমোদন করিবেন।

(২) আবেদন পত্র দাখিলের ত্রিশ দিনের মধ্যে উপ-বিধি (১) এ উল্লিখিত পরিদর্শন ও নিরীক্ষা সম্পন্ন করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, বিশেষ কারণে উক্ত ত্রিশ দিনের মধ্যে পরিদর্শন ও নিরীক্ষা কাজ সম্পন্ন করা সম্ভব না হইলে, পরিদর্শন কর্মকর্তা উক্তরূপ ব্যর্থতার যথাযথ কারণ লিখিতভাবে প্রধান প্রকৌশলীকে জানাইবেন এবং প্রধান প্রকৌশলীর নিকট সন্তোষজনক প্রতীয়মান হইলে, লিখিতভাবে কারণ লিপিবদ্ধ করিয়া তিনি এই সময় আরও ত্রিশ দিন বর্ধিত করিতে পারিবেন এবং বর্ধিত সময়ের মধ্যে পরিদর্শন ও নিরীক্ষা কাজ সম্পন্ন করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট পরিদর্শন কর্মকর্তার বিরুদ্ধে কর্তৃকো অবহেলার অভিযোগে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৬। পয়ঃ ও পানির লাইনের ব্যবধান।—(১) পয়ঃ ও পানির লাইন পৃথক থাকিবে এবং দুই লাইনের মধ্যে সমান্তরালে অন্ততঃ দশ ফুট এবং উল্লম্বিক অন্ততঃ এক ফুট ব্যবধান থাকিবে।

(২) যদি হোল্ডিং এর অবস্থানগত কারণে পয়ঃ লাইন ও পানির লাইনের মধ্যে উপ-বিধি (১) এ বর্ণিত সামান্তরিক দশ ফুট ব্যবধান কোনভাবেই রাখা সম্ভব না হয়, তাহা হইলে পয়ঃ ও পানির লাইনের মধ্যে উল্লম্বিক দুই ফুটের ব্যবধান রাখিয়া সমান্তরালে দশ ফুটের কম ব্যবধানে লাইন দুইটি স্থাপন করা যাইতে পারে।

(৩) পয়ঃ লাইন অবশ্যই পানির লাইনের নীচে বসাইতে হইবে এবং কোনক্রমেই পয়ঃ ও পানির লাইন একই পরিধায় স্থাপন করা যাইবে না।

(৪) পয়ঃ ও পানির লাইন একে অপরকে ক্রস করিবে না :

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে এইরূপ ক্রসিং কোনভাবেই এড়ানো যায় না সেক্ষেত্রে, প্রধান প্রকৌশলী প্রস্তাবিত প্ল্যান পরীক্ষা করিয়া প্রয়োজনানুযায়ী পয়ঃ লাইন স্থাপন বিষয়ে তাহার বিবেচনায় আবশ্যকীয় অতিরিক্ত নির্দেশনা দিতে পারিবেন।

৭। সংযোগ ফী ইত্যাদি।—পয়ঃ সংযোগের জন্য আবেদনকারীকে এতদুদ্দেশ্যে সময় সময় কর্তৃপক্ষ কর্তৃক বিধি ৩ এ শ্রেণীবিন্যাসকৃত পৃথক পৃথক শ্রেণীর জন্য নির্ধারিত ফী এবং বিধি ৮ এর অধীন নির্ধারিত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে।

৮। নিরাপত্তা জামানত।—কোন পয়ঃ সংযোগ প্রদানের পূর্বে একজন আবেদনকারীকে নিম্নোক্ত হারে নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে, যথা :-

সংযোগের আকার	জামানতের পরিমাণ (টাকায়)		
	আবাসিক/সামাজিক সংযোগ	বাণিজ্যিক	শিল্প
৪"	৩,৫০০.০০	৯,৫০০.০০	১০,০০০.০০
৬"	৫,০০০.০০	১৫,০০০.০০	১৭,৫০০.০০
৮"	৭,৫০০.০০	২০,০০০.০০	২২,০০০.০০
১২"	১২,০০০.০০	৩০,০০০.০০	৩২,৫০০.০০

৯। সংযোগ ফী ইত্যাদি পরিশোধ।—(১) সংযোগ প্রদানের সিদ্ধান্ত জ্ঞাত হইবার ৩০ দিনের মধ্যে আবেদনকারীকে বিধি ৭ এর অধীন নির্ধারিত সংযোগ ফী এবং বিধি ৮ এ উল্লিখিত জামানত ও অন্যান্য চার্জ, যদি থাকে, পরিশোধ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ নির্ধারিত সময়ের মধ্যে ফী ও জামানত ইত্যাদি পরিশোধ করিতে ব্যর্থ হইলে আবেদনকারীর অনুকূলে পয়ঃ সংযোগ প্রদানের সিদ্ধান্ত বাতিল করা যাইতে পারে।



১০। পৃথক সংযোগ।—(১) প্রতিটি হোল্ডিংয়ে এ কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় পয়ঃ নিষ্কাশন মূল লাইন হইতে হোল্ডিংয়ের সীমানা অভ্যন্তর পর্যন্ত একটি করিয়া পৃথক পয়ঃ সংযোগ থাকিবে।

(২) একাধিক ভবন সমৃদ্ধ হোল্ডিংয়ের প্রতিটি ভবনের জন্য মূল নিষ্কাশন লাইন হইতে পৃথক পয়ঃ সংযোগ গ্রহণ করিতে হইবে।

(৩) প্রতিটি সংযোগের জন্য পৃথক পৃথকভাবে ফী দিতে হইবে।

(৪) সকল সংযোগের ক্ষেত্রে প্রধান প্রকৌশলী কর্তৃক নির্ধারিত মানের পাইপ ব্যবহার করিতে হইবে।

(৫) পয়ঃ সংযোগের জন্য পাইপ, ফিটিংস সংগ্রহ ও উহাদের স্থাপন ব্যয় আবেদনকারী বহন করিবেন।

১১। পয়ঃ অভিকর।—(১) কোন এলাকায় কর্তৃপক্ষ কর্তৃক পয়ঃ ব্যবস্থা প্রবর্তন করিবার ছয় মাসের মধ্যে উক্ত এলাকাবীন সকল হোল্ডিং এর মালিককে পয়ঃ সংযোগ গ্রহণ করিতে হইবে এবং কোন হোল্ডিংয়ের মালিক উক্তরূপ সংযোগ গ্রহণে ব্যর্থ হইলে পয়ঃ ব্যবস্থা প্রবর্তনের ছয় মাস অতিক্রান্ত হইবার পর দিন হইতে কর্তৃপক্ষ উক্ত হোল্ডিংয়ের উপরও পয়ঃ অভিকর আরোপ ও আদায় করিতে পারিবে।

(২) প্রতিটি হোল্ডিংয়ের উপর পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (পানি সংযোগ ও পানি অভিকর) বিধিমালা, ২০০৭ এর অধীন আরোপিত পানি অভিকরের সমহারে পয়ঃ অভিকর আরোপ করা হইবে এবং উক্ত বিধিমালার অধীন দাবীকৃত পানির অভিকরের সহিত পয়ঃ অভিকর একত্রে আদায় করা হইবে।

(৩) বিল পরিশোধের ক্ষেত্রে, উপ-বিধি (২) এ উল্লিখিত বিধিমালার বিধি ১৯ এর বিধান, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

(৪) উপ-বিধি (২) এর বিধান সত্ত্বেও যেসকল ক্ষেত্রে কোন শিল্প উৎপাদন প্রক্রিয়ায় রাসায়নিক মিশ্রিত তরল এবং অন্যান্য বর্জ্য কর্তৃপক্ষের পয়ঃ লাইনে খালাস করিবার অনুমতি দেওয়া হইবে সেই সকল ক্ষেত্রে বর্জ্য প্রবাহের পরিমাণ ও অনুগঠন বিবেচনা করিয়া কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, পৃথক পয়ঃ অভিকর নির্ধারণ করিতে পারিবে।

১২। ক্রটি নিরসন।—যখনই কোন সার্ভিস লাইনে যে কোন ক্রটি, অসন্তোষজনক অথবা এই বিধিমালার সহিত অসামঞ্জস্যপূর্ণ বলিয়া প্রতীয়মান হইবে, তখনই সেইগুলি পরিদর্শন ও পরীক্ষার ব্যবস্থা করিতে হইবে এবং উদ্ঘাটিত ক্রটি হোল্ডিংয়ের মালিকের দৃষ্টিগোচরে আনা হইবে যিনি প্রধান প্রকৌশলীর নির্দেশনা অনুসারে তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ক্রটি বা ক্রটিসমূহ মেরামত বা সংশোধন করিবেন।

১৩। পয়ঃ লাইনের প্রতিবন্ধকতা অপসারণ।—(১) যদি কখনও দেখা যায় যে, কোন হোল্ডিংয়ের অভ্যন্তরীণ কোন প্রতিবন্ধকতা সৃষ্টির কারণে পয়ঃ উপচাইয়া পড়িতেছে তাহা হইলে উক্ত হোল্ডিংয়ের মালিকের অনুরোধে উক্ত হোল্ডিংয়ের মালিক কর্তৃক ৫০০.০০ (পাঁচ শত) টাকা ফী প্রদান সাপেক্ষে, প্রধান প্রকৌশলী অপসারণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) যদি ইহা প্রতীয়মান হয় যে, কোন হোল্ডিং হইতে গৃহ বর্জ্য, ইট-পাথর বা অন্য কোন কঠিন পদার্থ ম্যানহোলে নিক্ষেপের কারণে পয়ঃ উপচাইয়া পড়িতেছে এবং উক্তরূপ নিক্ষেপিত বর্জ্য, ইট-পাথর বা অন্য কোন কঠিন পদার্থ ৪ ফুট হইতে ২০ ফুট গভীরতা হইতে উত্তোলন করিয়া ম্যানহোল পরিষ্কার করিবার প্রয়োজনীয়তা দেখা দিয়াছে তাহা হইলে সংশ্লিষ্ট হোল্ডিংয়ের মালিকের নিকট হইতে নিম্নোক্ত হারে চার্জ আদায় করা হইবে, যথাঃ—

ম্যানহোলের গভীরতা	চার্জের হার (টাকায়)
৪ ফুট হইতে ১০ ফুট	১০০০.০০
১১ ফুট হইতে ১৫ ফুট	১৮০০.০০
১৬ ফুট হইতে ২০ ফুট	২৫০০.০০

(৩) বিধি ২ এর বিধান সত্ত্বেও যদি প্রতিবন্ধকতা অপসারণ বা পয়ঃ লাইন পরিষ্কার করিবার জন্য কোন যান্ত্রিক সরঞ্জাম ব্যবহার আবশ্যিক হয় তাহা হইলে উক্তরূপ প্রতি ১০০ ফুট পয়ঃ লাইন পরিষ্কার করিবার জন্য ১০০০.০০ (এক হাজার) টাকা চার্জ প্রদান করিতে হইবে এবং কর্তৃপক্ষ সময় সময় এই হার পুনঃনির্ধারণ করিতে পারিবে।

(৪) মুদ্রাস্ফীতির কারণে পরিচালন ব্যয় বৃদ্ধি পাইলে অতিরিক্ত ব্যয় বহনের প্রয়োজনে, কর্তৃপক্ষ বোর্ডের অনুমোদনক্রমে, প্রতি পাঁচ বছরে অনধিক পাঁচ শতাংশ হারে এই বিধির অধীন আরোপনযোগ্য চার্জ সমন্বয় করিতে পারিবে।

১৪। পানির সংযোগ বিচ্ছিন্নকরণ।—(১) কোন ব্যক্তি অবৈধ পয়ঃ সংযোগ স্থাপন করিবেন না বা উক্তরূপ অবৈধ সংযোগ স্থাপনে কাহাকেও প্ররোচিত করিবেন না।

(২) উপ-বিধি (১) এ অবৈধ সংযোগ এই বিধিমালা ও আইনের অধীন দণ্ডনীয় অপরাধ হিসাবে গণ্য হইবে।

ব্যাখ্যা- এই বিধির উদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে স্থাপিত অথবা অনুমোদন অনুসারে যথাযথভাবে স্থাপিত নহে এমন পয়ঃ সংযোগ 'অবৈধ সংযোগ' হিসাবে গণ্য হইবে।

(২) নিম্নবর্ণিত যে কোন কারণে কোন হোল্ডিংয়ের মালিককে নোটিশ প্রদানপূর্বক প্রধান প্রকৌশলী সংশ্লিষ্ট হোল্ডিংয়ের পানির সংযোগ বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবেন অথবা সংশ্লিষ্ট হোল্ডিংয়ে পানি সরবরাহ বন্ধ করিয়া দিতে পারিবেন, যথাঃ—

যদি কোন হোল্ডিংয়ের মালিক—

(ক) এই বিধিমালা অনুসারে প্রদত্ত প্রধান প্রকৌশলীর আদেশ পালনে ব্যর্থ হন;

(খ) কর্তৃপক্ষের পানি ও পয়ঃ অধিকারসহ অন্যান্য পাওনা যথাসময়ে পরিশোধে ব্যর্থ হন;



- (গ) এই বিধিমালার পরিপন্থী কোন পন্থায় পয়ঃ লাইনে হস্তক্ষেপ করেন, ক্ষতিসাধন করেন, পরিবর্তন ঘটান অথবা উহা বিকৃত করেন;
- (ঘ) সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত যে কোন সময়ে এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারীকে পরিদর্শন ও পরীক্ষা কাজের জন্য উক্ত উদ্দেশ্যে প্রয়োজনীয় কোন স্থানে প্রবেশে বা পরিদর্শন কাজে বাধাদান করেন।

(৩) উপ-বিধি (২) এর দফা (ক) ও (খ) অনুসারে কোন পানির সংযোগ বিচ্ছিন্ন করিবার পূর্বে বা পানি সরবরাহ বন্ধ করিবার পূর্বে সংশ্লিষ্ট হোল্ডিংয়ের মালিককে অন্ততঃ ত্রিশ দিনের এবং অন্যান্য সকল ক্ষেত্রে অন্ততঃ দশ দিনের পূর্বে নোটিশ প্রদান করিতে হইবে।

১৫। পুনঃ সংযোগ।—বিধি ১৪ অনুসারে কোন পানির সংযোগ বিচ্ছিন্ন করা হইলে ক্ষেত্রমত, সকল বকেয়া পানি ও পয়ঃ বিল সম্পূর্ণ পরিশোধ কিংবা প্রধান প্রকৌশলীর নির্দেশিতরূপে কোন পয়ঃ লাইনে সাধিত ক্ষতি, পরিবর্তন বা বিকৃতকরণের বিষয় সংশোধন করিবার পর ১০০০.০০ (এক হাজার) টাকা পুনঃ সংযোগ ফী প্রদানপূর্বক আবেদন করা হইলে প্রধান প্রকৌশলী সংশ্লিষ্ট হোল্ডিংয়ে পানির পুনঃ সংযোগ স্থাপনের অনুমতি দিতে পারিবেন।

১৬। বস্তিতে পয়ঃ সংযোগ।—(১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন কর্তৃপক্ষ জনস্বাস্থ্য ও দারিদ্র বিমোচনের বিষয় বিবেচনাপূর্বক ভূমির মালিকানার প্রশ্ন উপেক্ষা করিয়া কোন বস্তিতে পয়ঃ সংযোগ দিতে পারিবে।

(২) বস্তিতে কোন পয়ঃ সংযোগ প্রদানের ক্ষেত্রে পয়ঃ অভিকরের হার আবাসিক বা সামাজিক পয়ঃ অভিকরের অধিক হইবে না :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ বস্তির পয়ঃ অভিকর হার আবাসিক বা সামাজিক অভিকরের হার অপেক্ষা কম নির্ধারণ করিতে পারিবে।

(৩) বাংলাদেশে কর্মরত কোন দেশী কিংবা বিদেশী বেসরকারী সংস্থা অথবা স্থানীয় সহায়ক সংগঠনের সহযোগিতায় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পন্থায় বস্তির পয়ঃ ব্যবস্থা প্রবর্তন ও পয়ঃ অভিকর আদায়ের ব্যবস্থা করা যাইবে।

(৪) বস্তিতে পয়ঃ সংযোগের জন্য তফসিলের ফরম ৩ এ আবেদন করিতে হইবে এবং আবেদন অনুমোদিত হইলে, ফরম ৪ এ কর্তৃপক্ষের সহিত আবেদনকারীকে চুক্তি সম্পাদন করিতে হইবে।

১৭। অপসহযোগ।—কর্তৃপক্ষের কোন কর্মচারী যদি অসাধুভাবে কোন কাজ করিয়া বা করা হইতে বিরত থাকিয়া আইনের অধীন এমন কোন অপরাধ করিবার জন্য কাহাকেও সাহায্য করেন বা করিবার সুযোগ করিয়া দেন যাহা প্রতিরোধ করা বা উদ্ঘাটন করা অথবা সংশ্লিষ্ট বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি কর্তৃপক্ষের গোচরে আনয়ন করা তাঁহার দায়িত্ব ছিল, তাহা হইলে তিনি উক্ত অপরাধ সংঘটনে অপসহায়তা করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং তাঁহার বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গৃহীত হইবে।

১৮। অতিরিক্ত শর্তাবলী আরোপ।—বিশেষ অবস্থায় যদি ইহা প্রতীয়মান হয় যে, কোন হোল্ডিংয়ে পয়ঃ ব্যবস্থা সংরক্ষণ ও পরিচালনায় এই বিধিমালায় উল্লেখ করা হয় নাই এইরূপ শর্ত বা শর্তাবলী প্রয়োগ করা আবশ্যিক হইয়াছে তাহা হইলে বোর্ডের পূর্বানুমোদনক্রমে, তদ্রূপ শর্ত বা শর্তাবলী আরোপ করা যাইবে এবং সংশ্লিষ্ট হোল্ডিংয়ের মালিক তাহা পালনে বাধ্য থাকিবেন।

১৯। বকেয়া আদায়।—এই বিধিমালার অধীন কোন ব্যক্তির নিকট বকেয়া পাওনা Public Demands Recovery Act, 1913 অধীন সরকারী দাবী হিসাবে আদায়যোগ্য হইবে।

২০। মালিকানা হস্তান্তরের নোটিশ।—(১) যখনই কোন ভবন এবং উহার ভিত্তিমূলের ভূমির মালিকানা হস্তান্তর হইবে, হস্তান্তর দাতা এবং গ্রহীতা উভয়েই হস্তান্তর দলিল নিবন্ধনের তিন মাসের মধ্যে উক্তরূপ হস্তান্তরের লিখিত নোটিশ কর্তৃপক্ষকে প্রদান করিবেন।

(২) যে কোন অভিকর পরিশোধের জন্য দায়ী প্রত্যেক ব্যক্তি যদি তাহার সম্পত্তির মালিকানা হস্তান্তরের বিষয়ে উপ-বিধি (১) অনুসারে কর্তৃপক্ষকে অবহিত না করেন, তাহা হইলে হস্তান্তর নোটিশ না দেওয়া পর্যন্ত তিনি ঐ সম্পত্তির অভিকর পরিশোধের জন্য দায়ী থাকিবেন।

(৩) এই বিধির কোন কিছুই হস্তান্তর গ্রহীতার নিকট হইতে অভিকরের বকেয়া আদায়ে কর্তৃপক্ষকে বারিত করিবে না।

২১। উত্তরাধিকারের নোটিশ।—উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত কোন জমি অথবা ভবনের মালিক বা প্রত্যেক ব্যক্তি উক্তরূপ উত্তরাধিকার প্রাপ্তির তিন মাসের মধ্যে লিখিত নোটিশ দ্বারা বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

২২। রহিতকরণ ইত্যাদি।—(১) Dhaka Water Supply and Sewerage Authority (Sewer Connection and Levy of Sewer Rate) Rules, 1966, অতঃপর পূর্বতন বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও পূর্বতন বিধিমালার অধীন ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষের নিকট অনিষ্পন্ন সকল বিষয় এই বিধিমালার অধীন অনিষ্পন্ন বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালার প্রযোজ্য বিধান অনুসারে উহা নিষ্পন্ন হইবে।



তফসিল

ফরম-১

(বিধি ৪ দ্রষ্টব্য)

আবাসিক পয়ঃ সংযোগের জন্য আবেদন ফরম

১ম অংশ

(আবেদনকারী পূরণ করিবেন)

প্রধান প্রকৌশলী

.....পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

জনাব,

আমি নিম্নবর্ণিত হোল্ডিংয়ে পয়ঃ সংযোগ প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদন করিতেছিঃ

১। আবেদনকারীর তথ্য

(ক) নামঃ

(খ) পিতা/স্বামীর নামঃ

(গ) মাতার নামঃ

(ঘ) ঠিকানা

স্থায়ীঃ

অস্থায়ীঃ

(ঙ) আবেদনকারী প্রকৃত মালিক না হইলে

(অ) প্রকৃত মালিকের নামঃ

(আ) পিতা/স্বামীর নামঃ

(ই) ঠিকানা

(ঈ) আবেদনকারীর সহিত সম্পর্ক

(আবেদনকারী হোল্ডিংয়ের প্রকৃত মালিক না হইলে প্রকৃত মালিকের নিকট হইতে প্রাপ্ত আইনসম্মত ক্ষমতাপত্র সংযোজন করিতে হইবে)

২। প্রার্থীত সংযোগ সংক্রান্ত তথ্য

(ক) হোল্ডিং নম্বর

(খ) ঠিকানা

(গ) ভবন সংক্রান্ত তথ্য

## বিদ্যমান ভবন

ভবন নং	প্রিছ এরিয়া	পাকা ভবনের ক্ষেত্রে		কাঁচা/আধাপাকা ভবনের ক্ষেত্রে	নির্মাণকাল	বিদ্যমান সংযোগ সাইজ
		তলার সংখ্যা	ফ্লট সংখ্যা			
				কক্ষ সংখ্যা		

## সংযোগ প্রার্থীত ভবন

ভবন নং	প্রিছ এরিয়া	পাকা ভবনের ক্ষেত্রে		কাঁচা/আধাপাকা ভবনের ক্ষেত্রে	নির্মাণকাল	প্রার্থীত সংযোগ সাইজ	যে রোড বা সড়ক হইতে সংযোগ দেওয়া হইবে তাহার নাম
		তলার সংখ্যা	ফ্লট সংখ্যা				
				কক্ষ সংখ্যা			

(ঘ) পয়ঃ লাইনে যে সকল ফিক্সার সংযোজিত হইবে তাহার বিবরণঃ

ফিক্সারের নাম	সংখ্যা
(১) রান্নাঘরের সিঙ্ক	
(২) ল্যাভেটরী	
(৩) লব্ধী ট্যাব	
(৪) বাথ ট্যাব	
(৫) শাওয়ার	
(৬)	
(৭)	
(৮)	
(৯)	

৩। পয়ঃ সংযোগ কাজ যিনি করিবেন তাহার নাম ও ঠিকানা



## ৪। সংশ্লিষ্ট হোল্ডিংয়ে পানি সংযোগের বিবরণ

পানি সংযোগ হিসাব নম্বর	সর্বশেষ বিলের মাস	বিলের পরিমাণ	বিল পরিশোধের তারিখ

পানি সংযোগ না থাকিলে, উহার কারণঃ

আমি ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যসমূহ সঠিক। পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এবং পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (পয়ঃ সংযোগ ও পয়ঃ অভিকর) বিধিমালা, ২০০৭ এর সকল বিধান সম্পর্কে আমি সম্পূর্ণ জ্ঞাত আছি ও এতদসম্পর্কিত সকল বিধি-বিধানসহ কর্তৃপক্ষ কর্তৃক এই বিষয়ে সময়ে সময়ে আরোপিত সকল শর্তাবলী আমি মানিয়া চলিব।

আপনার বিশ্বস্ত

(আবেদনকারীর স্বাক্ষর)

## ২য় অংশ

## পরিদর্শনকারী কর্মকর্তার প্রতিবেদন

- (১) পরিদর্শনের তারিখ
- (২) রাস্তার যে প্রধান বা শাখা লাইন হইতে সংযোগ দেওয়া হইবে উহার ব্যাস
- (৩) প্রধান লাইন হইতে সংযোগস্থল পর্যন্ত দূরত্ব
- (৪) ইনভার্ট হইতে ম্যানহোলের গভীরতা
- (৫) হোল্ডিং অভ্যন্তরে নির্মিত পিট বা গর্তের সংখ্যা
- (৬) সংযোগের জন্য সুপারিশকৃত ব্যাস (যদি সংযোগ সুপারিশ করা না হয় কিংবা প্রার্থীত ব্যাস অপেক্ষা ছোট আকারের ব্যাসের সংযোগ সুপারিশ করা হয় তবে উহার সুস্পষ্ট কারণ উল্লেখ করিতে হইবে)
- (৭) পরিদর্শন কর্মকর্তার সুস্পষ্ট মতামত

(প্রয়োজনবোধে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে)

পরিদর্শন কর্মকর্তার স্বাক্ষর

নাম

সীল

## ৩য় অংশ

## রাজস্ব কর্মকর্তার ছাড়পত্র

আবেদনকারী জনাব/বেগম.....এর আবেদন ও পরিদর্শন কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে প্রার্থীত হোল্ডিংয়ে পয়ঃ সংযোগ প্রদানে অনাপত্তি জ্ঞাপন করা হইল/হইল না।

তাঁহার নিকট কর্তৃপক্ষের পাওনা অপরিশোধিত নাই/ নিম্নোক্ত পাওনা অপরিশোধিত রহিয়াছে :

১।

২।

৩।

প্রধান রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর  
নাম  
সীল

শ

## প্রধান প্রকৌশলীর অনুমোদন

(ক) নিম্নোক্ত হোল্ডিংয়ে পয়ঃ সংযোগ অনুমোদন করা হইলঃ

(১) হোল্ডিং নং

(২) সংযোগের আকার

(খ) নিম্নোক্ত কারণে প্রার্থীত সংযোগ অনুমোদন করা হইল নাঃ

প্রধান প্রকৌশলীর স্বাক্ষর  
নাম  
সীল



ফরম-২

(বিধি ৪ দ্রষ্টব্য)

বাণিজ্যিক বা শিল্প প্রতিষ্ঠানে পয়ঃ সংযোগের জন্য আবেদন ফরম

১ম অংশ

(আবেদনকারী পূরণ করিবেন)

প্রধান প্রকৌশলী

.....পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

জনাব,

আমি নিম্নবর্ণিত হোল্ডিংয়ে পয়ঃ সংযোগ প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদন করিতেছিঃ

১। আবেদনকারীর তথ্য

(ক) নামঃ

(খ) পিতা/স্বামীর নামঃ

(গ) মাতার নামঃ

(ঘ) ঠিকানা

স্থায়ীঃ

অস্থায়ীঃ

(ঙ) আবেদনকারী প্রকৃত মালিক না হইলে

(অ) প্রকৃত মালিকের নামঃ

(আ) পিতা/স্বামীর নামঃ

(ই) ঠিকানা

(ঈ) আবেদনকারীর সহিত সম্পর্ক

(আবেদনকারী হোল্ডিংয়ের প্রকৃত মালিক না হইলে প্রকৃত মালিকের নিকট হইতে প্রাপ্ত আইনসম্মত ক্ষমতাপত্র সংযোজন করিতে হইবে)

২। প্রার্থীত সংযোগ সংক্রান্ত তথ্য

(ক) হোল্ডিং নম্বর

(খ) ঠিকানা

(গ) ভবন সংক্রান্ত তথ্য

## বিদ্যমান ভবন

ভবন নং	প্রিঙ্ক এরিয়া	পাকা ভবনের ক্ষেত্রে		কাঁচা/আধাপাকা ভবনের ক্ষেত্রে	নির্মাণকাল	বিদ্যমান সংযোগ সাইজ
		তলার সংখ্যা	ফ্ল্যাট সংখ্যা	কক্ষ সংখ্যা		

## সংযোগ প্রার্থী ভবন

ভবন নং	প্রিঙ্ক এরিয়া	পাকা ভবনের ক্ষেত্রে		কাঁচা/আধাপাকা ভবনের ক্ষেত্রে	নির্মাণকাল	প্রার্থী সংযোগ সাইজ	যে রোড বা সড়ক হইতে সংযোগ দেওয়া হইবে তাহার নাম
		তলার সংখ্যা	ফ্ল্যাট সংখ্যা				

(ঘ) বাণিজ্যিক বা শিল্প প্রতিষ্ঠানের প্রকৃতিঃ

(ঙ) পয়ঃ লাইনে যে বর্জ্য ও নিকাশিত হইবে তাহার প্রকৃতি ও দৈনিক পরিমাণঃ

প্রকৃতি	পরিমাণ

৩। পয়ঃ সংযোগ কাজ যিনি করিবেন তাহার নাম ও ঠিকানা

৪। সংশ্লিষ্ট হোল্ডিংয়ে পানি সংযোগের বিবরণ

পানি সংযোগ হিসাব নম্বর	সর্বশেষ বিলের মাস	বিলের পরিমাণ	বিল পরিশোধের তারিখ

পানি সংযোগ না থাকিলে, উহার কারণঃ

আমি ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যসমূহ সঠিক। পানি সরবরাহ ও পয়ঃ নিকাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এবং পানি সরবরাহ ও পয়ঃ নিকাশন কর্তৃপক্ষ (পয়ঃ সংযোগ ও পয়ঃ অভিকর) বিধিমালা, ২০০৭ এর সকল বিধান সম্পর্কে আমি সম্পূর্ণ জ্ঞাত আছি ও এতদসম্পর্কিত সকল বিধি-বিধানসহ কর্তৃপক্ষ কর্তৃক এই বিষয়ে সময়ে সময়ে আরোপিত সকল শর্তাবলী আমি মানিয়া চলিব।



আমি আরও ঘোষণা ও অঙ্গীকার করিতেছি যে, আমি নিজ ব্যয়ে বর্জ্য প্রাক-শোধন পদ্ধতি সর্বদাই যথাযথভাবে পরিচালনা ও সংরক্ষণ করিব। যদি নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে বা কোন দুর্ঘটনাবশতঃ কোন বর্জ্য কর্তৃপক্ষের পয়ঃ ব্যবস্থায় নিক্ষেপিত হয় তবে তাৎক্ষণিক তাহা কর্তৃপক্ষকে অবহিত করা আমার দায়িত্ব হইবে।

আপনার বিশ্বস্ত  
(আবেদনকারীর স্বাক্ষর)

## ২য় অংশ

### পরিদর্শনকারী কর্মকর্তার প্রতিবেদন

- (১) পরিদর্শনের তারিখ
- (২) রাস্তার যে প্রধান বা শাখা লাইন হইতে সংযোগ দেওয়া হইবে উহার ব্যাস
- (৩) প্রধান লাইন হইতে সংযোগস্থল পর্যন্ত দূরত্ব
- (৪) ইনভার্ট হইতে ম্যানহোলের গভীরতা
- (৫) হোল্ডিং অভ্যন্তরে নির্মিত পিট বা গর্তের সংখ্যা
- (৬) সংযোগের জন্য সুপারিশকৃত ব্যাস (যদি সংযোগ সুপারিশ করা না হয় কিংবা প্রার্থীত ব্যাস অপেক্ষা ছোট আকারের ব্যাসের সংযোগ সুপারিশ করা হয় তবে উহার সুস্পষ্ট কারণ উল্লেখ করিতে হইবে)
- (৭) পরিদর্শন কর্মকর্তার সুস্পষ্ট মতামত

(প্রয়োজনবোধে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে)

পরিদর্শন কর্মকর্তার স্বাক্ষর

নাম

সীল

## ৩য় অংশ

## রাজস্ব কর্মকর্তার ছাড়পত্র

আবেদনকারী জনাব/বেগম.....এর আবেদন ও পরিদর্শন কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে প্রার্থীত হোল্ডিংয়ে পয়ঃসংযোগ প্রদানে অনাপত্তি জ্ঞাপন করা হইল/হইল না।

তাঁহার নিকট কর্তৃপক্ষের পাওনা অপরিশোধিত নাই/ নিম্নোক্ত পাওনা অপরিশোধিত রহিয়াছে :

১।

২।

৩।

প্রধান রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর

নাম

সীল

## ৪র্থ অংশ

## প্রধান প্রকৌশলীর অনুমোদন

(ক) নিম্নোক্ত হোল্ডিংয়ে পয়ঃসংযোগ অনুমোদন করা হইলঃ

(১) হোল্ডিং নং

(২) সংযোগের আকার

(খ) নিম্নোক্ত কারণে প্রার্থীত সংযোগ অনুমোদন করা হইল না :

প্রধান প্রকৌশলীর স্বাক্ষর

নাম

সীল



## ফরম-৩

## (বিধি ১৬ দ্রষ্টব্য)

## বস্তিতে পয়ঃসংযোগের আবেদন ফরম

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম :

২। রেজিস্ট্রেশন নম্বর :

৩। ঠিকানা :

৪। বস্তির বর্ণনা—

(ক) নাম :

(খ) অবস্থান :

(গ) ঘরের সংখ্যা :

(ঘ) মোট লোক সংখ্যা :

(ঙ) পয়ঃ লাইনে দৈনিক নিষ্কাশনযোগ্য পয়ঃের পরিমাণ :

৫। পরিচালনা সহায়ক সংগঠন (সিবিও)/বেসরকারী সংস্থার পরিচালনা পর্ষদ—

(ক) সভাপতির নাম ও ঠিকানা :

(খ) সম্পাদকের নাম :

(গ) সমিতির সদস্য সংখ্যা(সিবিও 'র ক্ষেত্রে) :

৬। সংযোগের বিবরণ—

(ক) সংযোগ সাইজ :

(খ) যে মূল বা শাখা লাইন হইতে সংযোগ গ্রহণ করা হইবে সেই রোড বা অবস্থানের নাম :

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত পয়ঃসংযোগ প্রদান করা হইলে সরবরাহ লাইন নিয়মিত রক্ষণাবেক্ষণ করিব এবং পয়ঃবিল নিয়মিত পরিশোধের জন্য আমরা পরিচালনা সহায়ক সংগঠন (সিবিও)/বেসরকারী সংস্থার সদস্যগণ একক ও যৌথভাবে দায়ী থাকিব।

আবেদনকারীর স্বাক্ষর

নাম

পদবী ও সীল

## ফরম-৪

(বিধি ১৬ দ্রষ্টব্য)

## চুক্তিনামা

বস্তিতে পয়ঃসংযোগের চুক্তিপত্রের নমুনা

১ম পক্ষ	২য় পক্ষ	৩য় পক্ষ
সভাপতি, ..... ব্যবস্থাপনা কমিটি, ..... বস্তি ওয়ার্ড নং-....., ঢাকা।	বাণিজ্যিক ব্যবস্থাপক ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।	নির্বাহী পরিচালক (এনজিও/সিবিওর নাম ও ঠিকানা)

ঢাকা ওয়াসা ঢাকা সিটি কর্পোরেশনের ..... নং ওয়ার্ডের অন্তর্গত এবং ঢাকা ওয়াসার মডুস জোন-..... এর আওতাধীন নিম্নে বর্ণিত বস্তির ওয়াসার পয়ঃসংযোগ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন করিল।

## দায়িত্বসমূহ :

## ১. পয়ঃ ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব :

- পয়ঃ লাইন নিয়মিত রক্ষণাবেক্ষণ, মেরামত এবং নষ্ট হইলে নিজেদের খরচে ঠিক করিবেন।
- পয়ঃ বিল নিয়মিত পরিশোধ করিবেন, কোন অবস্থাতেই বিল বকেয়া রাখা যাইবে না এবং পর পর ৩ মাস বিল বকেয়া থাকলে সংযোগ বিচ্ছিন্ন করা হইবে।
- কোন অবস্থাতেই সদস্যদের নিকট হইতে বিলের অতিরিক্ত টাকা আদায় করা যাইবে না।
- মাসিক বৈঠক বা সভা অনুষ্ঠান এবং সভার সিদ্ধান্ত অন্য পক্ষগণের নিকট প্রেরণ করিবেন।
- কমিটি নিজ দায়িত্বে হিসাব পরিচালনা ও সংরক্ষণ করিবে।
- এক বছর অন্তর অন্তর নির্বাচনের মাধ্যমে নতুন কমিটি গঠন করিবেন।

## ২. ঢাকা ওয়াসার দায়িত্ব :

- নিয়মিত বিল তৈরী এবং প্রদান করিবে।
- কার্যক্রমের অগ্রগতি মনিটরিং করিবে।
- প্রয়োজনে সময় সময় সমন্বয় সভার আয়োজন করিবে।



## ৩. এন.জি.ও/সিবিও এর দায়িত্ব :

- ওয়াসার বিল পরিশোধ কার্যক্রম তত্ত্বাবধান করিবেন।
- বিভিন্ন কারিগরী সহায়তা প্রদান করিবেন।
- পয়ঃ সংক্রান্ত কোন সমস্যা দেখা দিলে তা সমাধান করার উদ্যোগ লইবেন।
- নিয়মিত পরিবীক্ষণ এবং ওয়াসাকে অবহিত করিবেন।

উল্লিখিত শর্তাবলী পালনে কোন সমস্যা কিংবা সংযোজন-বিয়োজনের প্রয়োজনীয়তা দেখা দিলে তিন পক্ষ একত্রে বসিয়া সমাধান করিবেন। উপরোক্ত শর্তাবলী মানিয়া নিয়া আমরা তিন পক্ষ সাক্ষীগণের উপস্থিতিতে সুস্থ মস্তিষ্কে ও স্বেচ্ছায় এই চুক্তিনামায় দস্তখত করিলাম।

স্বাক্ষীগণ

স্বাক্ষর

১.

২.

৩.

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সফিকুল ইসলাম

উপ-সচিব।